



ঈদুল আজহায় দেশবাসীকে শুভেচ্ছা জানালেন জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। রোববার দেওয়া এক বিবৃতিতে তিনি এই শুভেচ্ছা জানান।

বিবৃতিতে তিনি বলেন, ঈদুল আজহা হযরত ইব্রাহিম (আ.), হযরত হাজেরা ও হযরত ইসমাইল (আ.)-এর আত্মত্যাগের মহিমাষিত স্মৃতি বহন করে। এই ঈদ মানুষকে ত্যাগ, আত্মনিবেদন ও আল্লাহর সন্তুষ্টির জন্য সবকিছু উৎসর্গ করার শিক্ষা দেয়।

তিনি আরও বলেন, কুরবানির শিক্ষা সমাজে ন্যায়, সমতা ও ইনসারফ প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে ন্যায়ের ভিত্তিতে ইসলামকে অনুসরণের আহ্বান জানান তিনি।

বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে তিনি বলেন, দেশে পরিবর্তন এলেও পুরোপুরি স্থিতিশীলতা আসেনি। এখনো বিভিন্ন মহল অস্থিরতা সৃষ্টির চেষ্টা চালাচ্ছে। এসব ষড়যন্ত্র মোকাবিলায় জনগণকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি।

শেষে তিনি ঈদের শিক্ষা ধারণ করে মানবিক ও ন্যায়াভিত্তিক সমাজ গঠনের অঙ্গীকারের আহ্বান জানান এবং নিজের ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর পক্ষ থেকে দেশবাসীর সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেন।